

সার্কুলার নং-প্রকা/কব্যবি-০৩/২০২২

তারিখ: ২৭ জুন ২০২২

**বিষয়: দেশের বন্যা দুর্গত মানুষের সাহায্যার্থে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে কর্মকর্তা-কর্মচারীদের ১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান।**


উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সম্প্রতি বাংলাদেশের উত্তর পূর্বাংশে সিলেট ও সুনামগঞ্জ অঞ্চলে বন্যা ভয়াবহ রূপ নিয়েছে। পানিবন্দি হয়ে পড়েছে লাখ লাখ মানুষ। বন্যার পানিতে তলিয়ে সুনামগঞ্জ শহর পুরো দেশ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। উত্তরাঞ্চলে ব্রহ্মপুত্র-যমুনায় অস্বাভাবিক পানি বৃদ্ধির কারণে বন্যার পানি বাড়তে শুরু করেছে। উজান থেকে নেমে আসা পানিতে দেশের মধ্যাঞ্চলও প্লাবিত হচ্ছে। এতে সার্বিকভাবে দেশের বন্যা পরিস্থিতির অবনতি অব্যাহত আছে। বন্যাকবলিত অঞ্চলের অসহায় দুর্গত মানুষের খাদ্য, বস্ত্র, ওষুধ, খাওয়ার স্যালাইন, বিশুদ্ধ পানিসহ নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের অভাব দেখা দিয়েছে। এমতপরিস্থিতিতে বন্যাকবলিত এলাকার সকল শ্রেণী পেশার মানুষের জীবনধারণ কষ্টকর হয়ে দাঁড়িয়েছে।

০৩। “মানুষ মানুষের জন্য” এ বিষয়টির প্রতি গুরুত্ব দিয়ে বন্যাকবলিত মানুষের প্রতি সহানুভূতির হাত বাড়িয়ে দেয়ার নৈতিক দায়িত্ব থেকে তাদের সাহায্যার্থে এ ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর এক দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে জমা দেয়ার বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৪। এমতাবস্থায়, বেতন কর্তনের সম্মতিপত্র (নমুনা সংযুক্ত) গ্রহণ করে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের জুলাই ২০২২ মাসের বেতন হতে এক দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ কর্তন করে তালিকাসহ প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ ক্রেডিট এ্যাডভাইস প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল বেতন প্রদানকারী কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

  
২৭/০৬/২০২২  
(রণজিৎ কুমার সেন)


উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-২৫/২০২১-২০২২/ ৬৮৪৫ (৪৫৬)

তারিখ: ২৭ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫. মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮. অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৯. প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১০. ব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২. ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩. উপ-প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, ডিপিও, রাজশাহী/বগুড়া।
১৪. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫. সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৬. অফিস নথি/ব্যক্তিগত নথি।

  
২৭.০৬.২০২২  
(শেখ মুকতারুজ্জামান)  
সহকারী মহাব্যবস্থাপক